# আ.লীগ নিষিদ্ধ থাকায় বিএনপিই প্রধান শক্তি: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ থাকায় বর্তমান নির্বাচনী পরিস্থিতিতে বিএনপিই প্রধান দল হিসেবে দাঁড়িয়েছে। সোমবার রাতে ঠাকুরগাঁও শহরের এক বৈঠকে তিনি এ কথা বলেন।

তিনি দাবি করেন, সাম্প্রতিক আন্দোলনে বহু প্রাণহানির পর দেশ একটি নির্বাচনের সুযোগ পেয়েছে, যার মাধ্যমে নতুন সংসদ ও সরকার গঠন সম্ভব হবে। নতুন সরকার দেশের শান্তি ও স্বস্তি ফিরিয়ে আনবে—এমন প্রত্যাশার কথাও জানান তিনি।

ফখরুল বলেন, বিএনপি প্রতিহিংসার রাজনীতি বিশ্বাস করে না। অতীতের অস্থির সময়ে দলীয় নেত্রীর শান্তি ও সহমর্মিতার আহ্বানের কথা উল্লেখ করে তিনি বলেন, এখন প্রয়োজন সম্প্রীতি ও পুনর্গঠন।

প্রতিদ্বন্দ্বী একটি দল ধর্মের বিষয় সামনে এনে ভোটারদের বিভ্রান্ত করছে বলেও অভিযোগ করেন তিনি। পাশাপাশি মেধার ভিত্তিতে চাকরি ও সব ধর্মের মানুষের সমান অধিকার নিশ্চিতের প্রতিশ্রুতি দেন।

সংখ্যালঘু ভোটারদের উদ্দেশে তিনি বলেন, ভয়ভীতি ছাড়াই ভোটকেন্দ্রে গিয়ে পছন্দের প্রার্থীকে ভোট দিতে হবে; কারও ওপর চাপ সৃষ্টি হলে তা কঠোরভাবে মোকাবিলা করা হবে।